13

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... OCT. 0 1. 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...



আহত দিদারুল আলম

## চট্টগ্রামে কমার্স কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে আহত ৫

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (বৃহস্পতিবার) সকালে আগ্রাবাদ সরকারী কমার্স কলেজ এলাকায় ছাত্রলীগের বিবদমান দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে ৪ জন আহত হয়। পুলিশ ৫ জনকে আটক করিয়াছে। সকাল ১১টায় আ,জ,ম নাসির সমর্থকরা কলেজ ক্যাম্পাসে অবস্থান করে। এ সংবাদ পাইয়া দখলদার কাদের

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃষ্ঠার পর)

ছাত্রদল বিক্ষোভ মিছিল বাহির করে। সকাল ১১টায় ক্যাম্পাসে মিছিল শেষে একাডেমিক ভবন সম্মুখে ছাত্রদল আহবায়ক মোহাম্মদ সেলিমের সভাপতিত্বে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তাগণ বলেন, আন্তঃক্যাম্পাস বাস চালু না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকিবে। সমাবেশে অন্যান্যে মধ্যে বক্তব্য রাখেন, সুজা উদ্দিন, শফিকুজ্জামান শহীদ, সাইফুর রহমান শপথ। গণতান্ত্রিক ছাত্র ঐক্যের উদ্যোগে ক্যাম্পাসে মিছিল শেষে চাকসু ভবন চত্বরে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্র ফ্রন্টের সভাপতি নূর সাফা জুলহাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তাগণ বলেন, গরীব জনগণের ট্যাক্সের টাকা ছাত্রদের পিছনে ব্যয় না হইয়া সরকারী আমলাদের .. ন্যায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মিছিলে ব্যয় হইতেছে। বক্তাগণ বলেন, বাস চালুর দাবীতে ২রা অক্টোবর ভিসি অফিস ঘেরাও করা হইবে। সমাবেশে বক্তব্য রাখেন, খোকন দাশ, আহসান কবীর বেঙ্গল, আমীর আব্বাস প্রমুখ।